দৈনিক বাংলা

তারিখ 20 JUL 1988
পৃষ্ঠা ... কলাম ...

076

# ভার্সিটি প্রশাসন সন্ত্রাসের কাছে নতি স্বীকার করবে নাঃ ভিসি

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন কোন অবস্থাতেই সন্ত্রাসের নিকট নতি স্বীকার করবে না। আর কোন শিক্ষার্থীকে সন্ত্রাসের শিকার হতে দেয়া হবে না।

তিনি গতকাল দুপুরে শহীদুল্লাহ হল গেটে আসাদ আহমেদ মুন্না স্মৃতি স্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে একথা বলেন। অনু-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিসি

(প্রথম পৃষ্ঠার পর)

ষ্ঠানে অন্যান্যের মধ্যে হলের প্রভোস্ট প্রফেসর এম আমিনুল ইসলাম বক্তৃতা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং ছাত্রলীগ (মু-না) কর্মী আসাদ মুন্নার প্রথম মৃত্যুবার্ষিকী গতকাল পালিত হয়। এ উপলক্ষে সংগঠনের উদ্যোগে কলাভবন প্রাঙ্গণে সমাবেশ ও পরে মিছিল অনুষ্ঠিত হয়। সমাবেশে সংগঠনের সভাপতি মুশতাক হোসেন এক বছর অতিবাহিত হওয়ার পরও মুন্না-হালিম ও রহিম হত্যা কান্ডের বিচার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন।